# তিমথির কাছে দ্বিতীয় পত্র

১ আমি পল, খ্রীষ্টযীশুতে জীবনের প্রতিশ্রুতি অনুসারে ঈশ্বরের মঙ্গল-ইচ্ছায় খ্রীষ্টযীশুর প্রেরিতদূত,
আমার প্রিয় সন্তান তিমথির সমীপে: ২ পিতা ঈশ্বর ও আমাদের প্রভু খ্রীষ্টযীশু থেকে অনুগ্রহ, দয়া ও
শান্তি তোমার উপর বর্ষিত হোক।

**ধন্যবাদ-স্তুতি**

৩ আমার পূর্বপুরুষদের মত আমি শুদ্ধ বিবেকে যাঁর সেবা করি, সেই ঈশ্বরকে ধন্যবাদ জানাচ্ছি;
দিনরাত আমার মিনতিতে তোমার কথা স্মরণ করি: ৪ তোমার চোখের জল স্মরণ করে আমি
তোমাকে আবার দেখবার জন্য আকাঙ্ক্ষিত, তবেই আমার আনন্দ পূর্ণ হবে। ৫ তোমার আন্তরিক
বিশ্বাসের কথাও স্মরণ করি, যা প্রথমে তোমার দিদিমা লোইস ও তোমার মা এউনিকের অন্তরে
বসবাস করত, এবং—এতে আমি সুনিশ্চিত—তোমার অন্তরেও এখন বসবাস করছে।

**সুসমাচারের জন্য সংগ্রাম করতে পলের আবেদন**

৬ এজন্য আমি তোমাকে একথা স্মরণ করিয়ে দিচ্ছি, আমার হস্তার্পণের মধ্য দিয়ে ঈশ্বরের যে
অনুগ্রহদান তোমার অন্তরে আছে, তা উদ্দীপ্ত করে তোল; ৭ কেননা ঈশ্বর আমাদের ভীরুতার
আত্মাকে দেননি, পরাক্রম, ভালবাসা ও সুবুদ্ধিরই আত্মাকে দিয়েছেন। ৮ সুতরাং আমাদের প্রভুর
পক্ষে যে সাক্ষ্য তোমাকে দিতে হয়, তার বিষয়ে, বা তাঁর জন্য কারারুদ্ধ এই আমারও বিষয়ে
কখনও লজ্জাবোধ করো না, বরং ঈশ্বরের পরাক্রমের উপরে নির্ভর ক'রে আমার সঙ্গে তুমিও
সুসমাচারের জন্য দুঃখকষ্ট বরণ কর। ৯ তিনি আমাদের পরিত্রাণ করেছেন এবং পবিত্র আহ্বানে
আহ্বানও করেছেন—আমাদের কোন সৎকর্ম দেখে নয়, বরং তাঁর সঙ্কল্প ও তাঁর সেই অনুগ্রহ
অনুসারে, যে অনুগ্রহ অনাদিকাল থেকেই খ্রীষ্টযীশুতে আমাদের দেওয়া হয়েছিল, ১০ কিন্তু কেবল
এখনই প্রকাশ পেয়েছে আমাদের পরিত্রাতা খ্রীষ্টযীশুর আবির্ভাবের ফলে: মৃত্যু বিনষ্ট ক'রে তিনি
সুসমাচারের মাধ্যমে জীবন ও অমরত্ব উদ্ভাসিত করেছেন। ১১ আর সেই সুসমাচারের আমি ঘোষক,
প্রেরিতদূত ও শিক্ষাদাতা বলে নিযুক্ত হয়েছি। ১২ এজন্যই আমি এত দুঃখকষ্ট ভোগ করছি, তবু
আমি লজ্জা বোধ করি না, কেননা যাঁর উপর বিশ্বাস রেখেছি, তাঁকে জানি, আর এতে আমি নিশ্চিত
যে, তাঁর হাতে যা গচ্ছিত রেখেছি, তিনি সেই দিন পর্যন্ত তা রক্ষা করতে সমর্থ। ১৩ তুমি আমার
কাছে যে সমস্ত যথার্থ বাণী শুনেছ, খ্রীষ্টযীশুতে আশ্রিত বিশ্বাস ও ভালবাসার সঙ্গে সেই সমস্ত
বাণীকেই আদর্শ বলে ধারণ কর। ১৪ মূল্যবান যা কিছু তোমার কাছে গচ্ছিত রাখা হয়েছে, আমাদের
অন্তরে নিবাসী পবিত্র আত্মার সাহায্যে তা রক্ষা কর।

১৫ তুমি তো জান, এশিয়ার সবাই আমার কাছ থেকে সরে পড়েছে—তাদের মধ্যে ফিগেলস ও
হের্মগেনেসও সরে পড়েছে। ১৬ প্রভু অনেসিফরসের বাড়ির সকলের প্রতি দয়া করুন, কারণ তিনি
বারবার আমার প্রাণ জুড়িয়ে দিয়েছেন, আমার শেকলের জন্যও কখনও লজ্জা বোধ করেননি; ১৭
বরং রোমে এসে পৌঁছনোমাত্র তিনি তৎপরতার সঙ্গে আমার অনুসন্ধান করে চললেন, এবং শেষে
আমাকে খুঁজে বের করলেন। ১৮ প্রভু করুন, যেন সেই দিনটিতে তিনি প্রভুর কাছে দয়া পেতে
পারেন। তাছাড়া তিনি এফেসসে যে কতই না সেবাকাজ সম্পাদন করেছিলেন, একথা আমার চেয়ে

তুমিই ভাল জান।

**দুঃখকষ্ট স্বীকার করা প্রয়োজন**

২ সুতরাং, হে আমার সন্তান, খ্রীষ্টযীশুতে যে অনুগ্রহ আশ্রিত, সেই অনুগ্রহ থেকেই শক্তি যোগাও; ২
আর অনেক সাক্ষীর মুখ দিয়ে যে সকল কথা আমার কাছ থেকে শুনেছ, তা এমন বিশ্বস্ত লোকদের
কাছে সম্প্রদান কর, যারা অন্যান্যদেরও শিক্ষা দিতে উপযুক্ত।

৩ খ্রীষ্টযীশুর উত্তম সৈন্যের মত তুমিও আমার সঙ্গে দুঃখকষ্ট স্বীকার কর। ৪ সৈনিক জীবনে
কেউই সাংসারিক ব্যাপারে নিজেকে জড়িত করে না, কারণ তাকে তাঁকেই সন্তুষ্ট করতে হয়, যিনি
সৈন্য হিসাবে তাকে নিযুক্ত করেছেন। ৫ তেমনি ক্রীড়া-প্রতিযোগিতায় ঘটে: সে-ই মাত্র জয়মুকুট
পায়, সমস্ত নিয়ম-কানুন মেনে নিয়েই যে প্রতিযোগিতা করেছে। ৬ আর যে কৃষক পরিশ্রম করে,
প্রথমে তারই তো ফসলের ভাগী হওয়ার কথা। ৭ আমি যা বলছি, তা বুঝতে চেষ্টা কর; সমস্ত
কিছুর জন্য প্রভু নিশ্চয় তোমাকে বুদ্ধি দেবেন।

৮ মনে রেখ যে দাউদের বংশধর যীশুখ্রীষ্ট মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হয়েছেন—আমার
[প্রচারিত] সুসমাচার অনুসারে। ৯ আর এই সুসমাচারের কারণেই আমি দুঃখকষ্ট ভোগ করছি,
এমনকি, একটা অপকর্মার মত এই শেকলাবদ্ধ অবস্থায় আছি। কিন্তু ঈশ্বরের বাণী শেকলে আবদ্ধ
করা যায় না। ১০ এজন্য, যাদের বেছে নেওয়া হয়েছে, তাদের খাতিরে আমি সবকিছুই সহ্য করি
যেন তারাও চিরস্থায়ী গৌরবের সঙ্গে খ্রীষ্টযীশুতে আশ্রিত পরিত্রাণও লাভ করে। ১১ একথা বিশ্বাস্য
যে,

> আমরা যদি তাঁর সঙ্গে মরি,
> তবে জীবিতও থাকব তাঁর সঙ্গে;
> ১২ যদি কষ্ট সহ্য করি,
> তবে রাজত্বও করব তাঁর সঙ্গে;
> যদি তাঁকে অস্বীকার করি,
> তবে তিনিও আমাদের অস্বীকার করবেন;
> ১৩ যদি অবিশ্বস্ত হই,
> তবু তিনি বিশ্বস্ত থাকেন,
> কারণ তিনি নিজেকে অস্বীকার করতে পারেন না।

**সততার সঙ্গে সত্যের বাণী ঘোষণা করা**

১৪ এই সমস্ত কথা সকলকে স্মরণ করিয়ে দাও, ঈশ্বরের সামনে তাদের এই কথাও বল, যেন
তারা অনর্থক তর্কাতর্কি এড়ায়, কেননা এতে কারও লাভ হয় না, বরং শ্রোতার সর্বনাশ ঘটে। ১৫
তুমি আপ্রাণ চেষ্টা কর, যেন ঈশ্বরের দৃষ্টিতে এমন মানুষের মত দাঁড়াতে পার যার যোগ্যতা
প্রমাণিত, যেন এমন কর্মীর মত দাঁড়াতে পার যার লজ্জা করার কিছু নেই, বরং সত্যের বাণী যে
যথার্থভাবেই প্রচার করেছে। ১৬ যত লৌকিক প্রলাপ থেকে সম্পূর্ণরূপে মুক্ত থাক, কেননা সেগুলো
আস্তে আস্তে মানুষকে ভক্তি থেকে দূরে টেনে নিয়ে যায়; ১৭ এমনকি, যারা সেই ধরনের আলোচনায়
প্রবণ, তাদের কথা দুষ্ট ক্ষতের মত ছড়িয়ে পড়তে থাকে: তেমন লোকদের মধ্যে আছে হিমেনেওস
ও ফিলেতস; ১৮ তারা সত্য ক্ষেত্রে লক্ষ্যভ্রষ্ট হয়েছে, তারা নাকি বলে, পুনরুত্থান এর মধ্যে

ঘটেছে! আর এভাবে কারও কারও বিশ্বাস আলোড়িত করে। ১৯ তথাপি ঈশ্বর যে ভিত্তি স্থাপন
করেছেন, তা স্থিতমূল থাকছে; তার উপরে খোদাই করে লেখা আছে: *প্রভু জানেন, কে কে তাঁর
আপনজন।* আরও, *যে কেউ প্রভুর নাম করে, সে অধর্ম থেকে দূরে থাকুক।* ২০ কিন্তু মস্ত বড়
বাড়িতে শুধু সোনা ও রুপোর পাত্র নয়, কাঠ ও মাটির পাত্রও থাকে: কয়েকটা বিশেষ ব্যবহারের
জন্য, আবার কয়েকটা সাধারণ ব্যবহারের জন্য। ২১ তাই যে কেউ তেমন সবকিছু থেকে নিজেকে
মুক্ত করে, সে বিশেষ ব্যবহারের পাত্র, পবিত্রীকৃতই একটা পাত্র, প্রভুর কাজে উপযোগী একটা
পাত্র, সমস্ত শুভকর্মের জন্য প্রস্তুত একটা পাত্র।

২২ যৌবনের যত দুর্মতি এড়িয়ে চল; যারা শুদ্ধ হৃদয়ে প্রভুকে ডাকে, তাদের সঙ্গে যোগ দিয়ে
ধর্মময়তা, বিশ্বাস, ভালবাসা ও শান্তির অন্বেষণ কর। ২৩ তাছাড়া অসার ও গঠনমূলক নয় এমন
আলাপ-আলোচনা থেকে দূরে থাক; তুমি তো জান, এসব কিছু বিবাদ সৃষ্টি করে; ২৪ কিন্তু বিবাদে
জড়িয়ে থাকা প্রভুর দাসের উচিত নয়; তাকে বরং হতে হবে সকলের প্রতি বিনয়ী, ধর্মশিক্ষাদানে
নিপুণ, ও সহিষ্ণু; ২৫ বিরোধীদের ভর্ৎসনা কালে কোমল—এই আশায় যে, হয় তো ঈশ্বর তাদের
মনপরিবর্তন করার সুযোগ দেবেন, তারা যেন সত্যকে চিনতে পারে, ২৬ এবং চেতনা ফিরে পেয়ে
তারা যেন দিয়াবলের ফাঁদ থেকে মুক্তি পায়; কারণ আসলে দিয়াবলই নিজের ইচ্ছার দাস করার
জন্য নিজের জালে তাদের ধরে ফেলেছে।

**শেষ দিনগুলির কঠিন সময়**

৩ এই কথাও জেনে রাখ, শেষ দিনগুলিতে কঠিন সময় দেখা দেবে। ২ মানুষ হবে স্বার্থপর,
অর্থলোভী, দাম্ভিক, অহঙ্কারী, পরনিন্দুক, পিতামাতার অবাধ্য, অকৃতজ্ঞ, অধার্মিক, ৩ হৃদয়হীন,
রুক্ষ, অপবাদী, উচ্ছৃঙ্খল, প্রচণ্ড, মঙ্গলের শত্রু, ৪ বিশ্বাসঘাতক, দুঃসাহসী, আত্মগর্বে অন্ধ,
ঈশ্বরপ্রিয় নয়, বরং বিলাসপ্রিয়; ৫ তাদের ভক্তির চেহারা থাকবে বটে, কিন্তু তার আন্তর শক্তি
অস্বীকার করবে; তেমন লোকদের সম্বন্ধে সাবধান থাক। ৬ ঠিক এই দলের মধ্যে এমন কেউ কেউ
আছে, যারা ঘরে ঘরে প্রবেশ ক'রে তেমন স্ত্রীলোকদের মন বশ করে ফেলে, যারা নিজ পাপে
ভারাক্রান্ত ও নানা ধরনের কামনা-বাসনায় চালিতা, ৭ যারা সবসময় সবকিছু শিখতে আগ্রহী, কিন্তু
সত্যের পূর্ণ জ্ঞানে পৌঁছতে অক্ষমা। ৮ যান্নেস ও যাম্ব্রেস যেভাবে মোশীর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল,
তেমনি এরা সত্যের বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছে: এরা এমন মানুষ, যাদের বিবেক বিকৃত ও যাদের
বিশ্বাস অসঙ্গত। ৯ কিন্তু এরা বেশি দূরে এগিয়ে যাবে না, কারণ ওদের যেমন ঘটেছিল, তেমনি
এদেরও নির্বুদ্ধিতা সকলের কাছে ব্যক্ত হবে।

১০ তুমি কিন্তু আমার শিক্ষা, আচার-ব্যবহার, সঙ্কল্প, বিশ্বাস, সহিষ্ণুতা, ভালবাসা, নিষ্ঠায় আমার
অনুসরণ করেছ; ১১ আন্তিওখিয়া, ইকনিয়ম ও লিস্ত্রার মত যত জায়গায় নির্যাতন ও দুঃখকষ্ট আমার
প্রতি ঘটেছিল, তখনও তুমি আমার অনুসরণ করেছিলে; কত নির্যাতন আমি সহ্য করেছি, তা তুমি
ভালই জান। কিন্তু সেই সমস্ত নির্যাতন থেকে প্রভু আমাকে নিস্তার করলেন। ১২ আসলে যারা
খ্রীষ্টযীশুতে ধর্মসম্মত জীবন যাপন করতে ইচ্ছুক, তাদের সকলের বেলায় নির্যাতন দেখাই দেবে।
১৩ কিন্তু যারা দুর্জন ও প্রবঞ্চক মানুষ, তারা পরের ভ্রান্তি ঘটাতে ঘটাতে আর একই সময়ে
নিজেদেরও ভ্রান্তি ঘটিয়ে শোচনীয় দশা থেকে অধিকতর শোচনীয় দশার পথে এগিয়ে যাবে।

১৪ তুমি কিন্তু যা কিছু শিখেছ ও যা কিছু সম্বন্ধে দৃঢ় প্রত্যয়ী হয়ে উঠেছ, তাতেই স্থিতমূল থাক;
তুমি তো জান কাদের কাছে তা শিখেছ! ১৫ আরও, ছেলেবেলা থেকেই তুমি পবিত্র শাস্ত্রগ্রন্থগুলির

সঙ্গে পরিচিত: শাস্ত্রই তোমাকে সেই পরিত্রাণে প্রবুদ্ধ করার পরাক্রমের অধিকারী, যা খ্রীষ্টযীশুতে
বিশ্বাসের মধ্য দিয়ে অর্জনীয়। ১৬ কেননা গোটা শাস্ত্রবাণী ঈশ্বরের প্রেরণায় অনুপ্রাণিত, এবং
ধর্মশিক্ষার জন্য, ভুল দেখাবার জন্য, ত্রুটি সংশোধনের জন্য, ও ধর্মময়তায় দীক্ষাদানের জন্য তার
উপযোগিতা আছে, ১৭ যেন ঈশ্বরের মানুষ পূর্ণগঠিত ও সমস্ত শুভকর্মের জন্য প্রস্তুত হয়ে ওঠে।

### বাণী প্রচার কর!

৪ ঈশ্বরের সামনে, এবং জীবিত ও মৃতদের যাঁর বিচার করার কথা, সেই খ্রীষ্টযীশুর সামনে, তাঁর
আবির্ভাব ও তাঁর রাজ্যের দোহাই দিয়ে আমি তোমাকে এই আদেশ দিচ্ছি: ২ বাণী প্রচার কর,
সময়ে অসময়ে প্রচারকাজ জোর দিয়ে করে চল। অনুযোগ কর, তিরস্কার কর, আশ্বাস দান কর,
কিন্তু সবসময় সহিষ্ণু হয়ে ও পরকে উদ্বুদ্ধ করার উদ্দেশ্য করেই এসব কিছু কর। ৩ কারণ এমন
সময় আসবে, যখন লোকেরা যথার্থ ধর্মশিক্ষা আর সহ্য করবে না, কিন্তু নতুন নতুন কিছু শুনবার
জন্য তাদের কান চুলকাবে, এবং তাদের নিজ নিজ রুচি অনুসারে নিজেদের চারপাশে রাশি রাশি
গুরু জমিয়ে রাখবে; ৪ এবং রূপকথার দিকে ফেরার জন্য সত্যের দিকে কান দিতে আর চাইবে না।
৫ তুমি কিন্তু সবকিছুতে পূর্ণ সচেতন থাক, দুঃখকষ্ট সহ্য কর, সুসমাচার প্রচারকাজ চালিয়ে যাও,
তোমার সেবাদায়িত্ব সম্পন্ন কর।

### পলের মৃত্যুর দিন সন্নিকট

৬ আর আমি, আমার রক্ত তো এর মধ্যে পানীয়-নৈবেদ্য রূপে ঢেলে দেওয়া হচ্ছে, এবং আমার
বিদায়ের সময় এসে গেছে। ৭ আমি শুভসংগ্রামে সংগ্রাম করেছি, নির্দিষ্ট দৌড়ের গন্তব্যস্থানে
পৌঁছেছি, বিশ্বাস অক্ষুণ্ন রেখেছি। ৮ এখন আমার জন্য কেবল সেই ধর্মময়তার মুকুটই বাকি রয়েছে,
যা প্রভু, সেই ধর্মময় বিচারকর্তা, সেই দিনটিতে আমাকে দেবেন—আমাকে শুধু নয়, সেই
সকলকেও দেবেন, যারা তাঁর আবির্ভাবের ব্যাকুল আকাঙ্ক্ষা করছে।

### শেষ বাণী

৯ তুমি যত শীঘ্রই আমার কাছে আসতে চেষ্টা কর, ১০ কারণ দেমাস এই বর্তমান যুগের আসক্তিতে
আমাকে ত্যাগ করে থেসালোনিকিতে চলে গেছে; ক্রেসেন্স গালাতিয়ায় গিয়েছেন, আর তীত
দাল্‌মাতিয়ায়। ১১ একমাত্র লুক আমার সঙ্গে আছেন। তুমি মার্ককে সঙ্গে করে এসো, কারণ ধর্মসেবা
কাজের উদ্দেশ্যে সে আমার উপযোগী হবে। ১২ তিখিকসকে এফেসসে পাঠিয়েছি। ১৩ ত্রোয়াসে
কার্পসের কাছে যে আলোয়ানটা রেখে এসেছি, আসবার সময়ে তা এখানে নিয়ে এসো; সব
পুঁথিপত্রও সঙ্গে করে নিয়ে এসো, বিশেষভাবে নোটখাতাগুলো। ১৪ কাঁসারী আলেকজান্দার আমার
অনেক ক্ষতি করেছে; *প্রভু তাকে তার কাজের যোগ্য প্রতিফল দেবেন।* ১৫ লোকটার বিষয়ে তুমিও
সাবধান থাক, কারণ সে আমাদের বাণীপ্রচারের উগ্র বিরোধী হয়েছে।

১৬ আমার প্রথম পক্ষসমর্থনের সময়ে আমাকে সহায়তা করতে কেউই এগিয়ে আসেনি; সকলেই
আমাকে ত্যাগ করেছে; ওদের এই দোষ গণ্য করা না হোক। ১৭ কিন্তু তবু প্রভুই আমার পাশে
দাঁড়ালেন এবং আমার অন্তরে পরাক্রম যোগালেন, যার ফলে সেদিন আমার মধ্য দিয়ে বাণী-ঘোষণা
সম্পূর্ণরূপে সাধিত হল এবং বিজাতীয়রা সকলে তা শুনতে পেল, আর আমি *সিংহের মুখ থেকে
নিস্তার পেলাম।* ১৮ প্রভু সমস্ত অনিষ্ট থেকে আমাকে নিস্তার করবেন এবং তাঁর স্বর্গীয় রাজ্যের জন্য
আমাকে নিরাপদে রাখবেন। তাঁর গৌরব হোক চিরদিন চিরকাল। আমেন।

### প্রীতি-শুভেচ্ছা ও আশীর্বাদ

[১৯] প্রিস্কা ও আকুইলাকে এবং অনেসিফরসের বাড়ির সকলকে প্রীতি-শুভেচ্ছা জানাও। [২০] এরাস্তস করিন্থে রয়ে গেছেন, এবং ত্রফিমসকে অসুস্থ অবস্থায় মিলেতসে রেখে এসেছি। [২১] তুমি শীতকালের আগেই এখানে আসতে চেষ্টা কর। এউবুলস, পুদেন্স, লিনুস, ক্লাউদিয়া এবং এখানকার সকল ভাই তোমাকে প্রীতি-শুভেচ্ছা জানাচ্ছেন।

[২২] প্রভু তোমার আত্মার সঙ্গে থাকুন। অনুগ্রহ তোমাদের সঙ্গে থাকুক।